গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৬৯১ তারিখঃ ২৮/১২/২০২২ খ্রি.

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০১. | **কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৩), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৭০,<br>**৬৪টি জেলা (৭১টি কেন্দ্র) :**<br>ঢাকা-৬টি, গাজীপুর-২টি, চট্টগ্রাম-২টি এবং অবশিষ্ট ৬১টি জেলায় ৬১টি কেন্দ্র। | ১০০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৭ ডিসেম্বর, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০২. | **প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৩), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৫০,<br>**৫টি বিভাগীয় শহরে ৬টি কেন্দ্র**<br>ঢাকা-০২টি, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা- ও বরিশাল-০১টি কেন্দ্র | ১০০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৭ ডিসেম্বর, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৩. | **ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৩), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-১০,<br>**৫৯টি জেলায় ৬০টি কেন্দ্রঃ**<br>কুমিল্লা, খাগড়াছড়ি, পিরোজপুর, ঠাকুরগাঁও ও মৌলভীবাজার ব্যতিত ৫৯টি জেলায় ৬০টি কেন্দ্র (ঢাকা-২টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৪. | **ইলেকট্রনিক্স (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৩), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-১০,<br>**৬০টি জেলায় ৬১ টি কেন্দ্রঃ**<br>নোয়াখালী, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া ও রাঙ্গামাটি ব্যতিত ৬০টি জেলায় ৬১টি কেন্দ্র, (ঢাকা-২টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৫. | **রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৩), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-১০,<br>**৫৬টি জেলায় ৫৭টি কেন্দ্রঃ**<br>বান্দরবান, চাঁদপুর, পটুয়াখালী, ভোলা, হবিগঞ্জ, সুনামগঞ্জ, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি ব্যতীত ৫৬টি জেলায় ৫৭টি কেন্দ্র (ঢাকা-২টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৬. | **মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৩),<br>(প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-১০ জন)<br>**২১টি জেলায় ২৪ টি কেন্দ্রঃ**<br>ঢাকা-(৪টি কেন্দ্র), মাদারীপুর, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, রংপুর, দিনাজপুর, রাজশাহী-, পাবনা, বগুড়া, খুলনা, যশোর, সাতক্ষীরা, বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী, চট্টগ্রাম, রাঙ্গামাটি, কুমিল্লা ও ফেনী জেলা কার্যালয়। | ৫০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৭ ডিসেম্বর, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০৭. | **"পোষাক তৈরি", (অনাবাসিক)**<br>মেয়াদ-০৩ মাস (০১ জানুয়ারি হতে ৩১ মার্চ, ২০২৩)),<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-১০<br>**<u>৬২ জেলায় ৬৮টি কেন্দ্রঃ</u>**<br>মৌলভীবাজার ও কক্সবাজার ব্যতীত ৬০টি জেলায় ৬০টি কেন্দ্র (ঢাকা-৬টি, গাজীপুর- ২টি কেন্দ্র) | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২২<br>স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৮. | **"ওভেন সুইং মেশিন অপারেটিং", (অনাবাসিক)**<br>মেয়াদ-০২ মাস (০১ জানুয়ারি হতে ২৮ ফেব্রুয়ারি, ২০২৩) (অনাবাসিক)<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-১০ জন<br>**<u>০৩টি জেলায় ০৩টি কেন্দ্র</u>**<br>ঢাকা, গাজীপুর ও নারায়ণগঞ্জ জেলা কার্যালয় | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২২<br>স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৯. | **"গবাদিপশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণ কোর্স, (আবাসিক)**<br>মেয়াদ-০৩ মাস (০১ জানুয়ারি হতে ৩১ মার্চ, ২০২৩)<br>**<u>৬৪টি আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রে ৬৪ কেন্দ্র</u>**<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৬০ জন | ১০০/-<br>(জামানত ১০০/- ফেরত যোগ্য) | অষ্টম শ্রেণি পাস | ২৮ ডিসেম্বর, ২০২২<br>স্ব-স্ব জেলা কার্যালয় |
| ১০. | **ক্যাটারিং বিষয়ক প্রশিক্ষণ কোর্স**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৩),<br>**০১টি আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র:** যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।<br>আসন সংখ্যা-৩০ , সাভার-ঢাকা | ১০০০/- | এস,এস,সি শ্রেণি পাস | ২৮ ডিসেম্বর, ২০২২<br>স্ব-স্ব জেলা কার্যালয় |

**<u>দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:</u>**

ক) বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৬ডিসেম্বর, ২০২২খ্রি. এবং প্রশিক্ষণ শুরু ০১ জানুয়ারি, ২০২৩খ্রি.।

খ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (০১) নাম (বাংলা ও ইংরেজী) (০২) পিতার নাম (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয়তা পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইত:পূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

ঙ) এটুআই (a2i) এর সাথে যৌথভাবে NiSE[3]ভুক্ত ২৭ জেলা (ঢাকা, খুলনা , রাজশাহী, ময়মনসিংহ, বগুড়া, যশোর, বান্দরবান, মৌলভীবাজার, জয়পুরহাট, পিরোজপুর, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, সিলেট, চট্টগ্রাম, রংপুর, বরিশাল, গাজীপুর, শরীয়তপুর, কুমিল্লা, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, ভোলা , শেরপুর, ঝিনাইদহ, বাগেরহাট, মেহেরপুর) শুধুমাত্র অনলাইনে https://dyd.nise.gov.bd/courses লিংকে গিয়ে আবেদন করতে হবে।

চ) নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব উপপরিচালক/কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

ছ) দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/ জেলা কার্যালয়/ইউনিয়ন ডিজিটাল সেন্টারে দাখিল করতে পারবে।

জ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (খ)জাতীয়তা পরিচয়পত্র(যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।

ঝ) **দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।**

ঞ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোনো প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

ট) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঠ) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

পাতা/৩

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

(ক) ০৯-১০ নং ক্রমিকে বর্ণিত কোর্স দুটি আবাসিক ভাবে পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীগণকে প্রচলিত নিয়মানুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
(খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
(গ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
(ঘ) প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
(ঙ) প্রশিক্ষণকালীন সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।
(চ) তাত্ত্বিক ক্লাশগুলো অনলাইন/সশরীরে এবং ব্যবহারিক ক্লাশগুলো বিভিন্ন গ্রুপে বিভক্ত করে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।
(ছ) ক্রমিক নং **১) কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন ও ২) প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন বিষয়ক কোর্স** ব্যতিত সকল কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক ভাতা প্রাপ্য হবেন।

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ**

* উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ জেলা)
* কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র (নিজ জেলা)।
* উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ উপজেলা)।

২১-১২-২০২২

(খোন্দকার মোঃ রুহুল আমীন)
(যুগ্মসচিব)
পরিচালক(প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৬৯১ তারিখ: ২১/১২/২০২২খ্রি

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। পরিচালক/প্রকল্প পরিচালক-------------------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্প, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৫। যুগ্ম সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৬। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর ------------------------(সকল)জেলা। তাঁকে ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তি জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা মৎস্য, প্রাণীসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা মৎস্য, কৃষি, প্রাণীসম্পদ কার্যালয়, উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং তালিকাভুক্ত যুব সংগঠনসহ সকল সরকারি ও বেসরকারি সংস্থার নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে সাক্ষাতের তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত তারিখে অবশ্যই প্রশিক্ষণ শুরু করতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীর মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no, ই-মেইল ঠিকানা ভর্তির সময় সংরক্ষণ করতে হবে।
০৭। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর----------------------------(১০টি কেন্দ্র)।
০৮। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর----------------------------(৫৪টি কেন্দ্র)।
০৯। প্রোগ্রামার, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুবউন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১১। অফিস কপি।

(ফরহাত নূর)
উপপরিচালক (প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।